

মানচিত্রে বলভদ্র সেতুর অবস্থান



বলভদ্র সেতু

সুবিধাভোগী এলাকা



বলভদ্র সেতু

শুভ উদ্বোধন

তারিখ : ২৩ আশ্বিন ১৪২২ বঙ্গাব্দ
০৮ অক্টোবর ২০১৫ খ্রিস্টাব্দ

সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

পটভূমি

ব্রাহ্মণবাড়িয়া বাংলাদেশের পূর্বাঞ্চলে অবস্থিত সীমান্তবর্তী একটি জেলা। নদ-নদী, হাওড় ও জলাভূমি বেষ্টিত জেলাটি প্রাকৃতিক সম্পদে সমৃদ্ধ। ব্রাহ্মণবাড়িয়া জেলার নাসিরনগর উপজেলা ও হবিগঞ্জ জেলার লাখাই উপজেলার মধ্যবর্তী সীমান্ত বরাবর বলভদ্র নদীটি প্রবাহিত। দীর্ঘদিন যাবৎ উপজেলা দুটির মধ্যকার যোগাযোগ বাশের সাঁকো আর নৌকার উপর নির্ভরশীল ছিল। পাকা কোন সেতু না থাকায় উভয় উপজেলার বিশেষ করে, লাখাই উপজেলার জনগণের দুর্ভোগ ছিল অপরিসীম। তাদেরকে ঢাকা যেতে হলে উল্টো পথে ৪০ কিলোমিটার ঘুরে হবিগঞ্জ হয়ে যাতায়াত করতে হত। বলভদ্র নদীর উপর সেতু নির্মাণ উভয় উপজেলাবাসীর দীর্ঘ দিনের প্রত্যাশা। গত ৩০ শে এপ্রিল ২০১২ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী হবিগঞ্জ জেলা সফরকালে সরাইল-নাসিরনগর-লাখাই মহাসড়কের বলভদ্র নদীর উপর সেতু নির্মাণের প্রতিশ্রুতি দেন।

বলভদ্র সেতুটি সরাইল-নাসিরনগর-লাখাই-হবিগঞ্জ আঞ্চলিক মহাসড়কের ২৫তম কিলোমিটারে অবস্থিত। ২০১১-২০১২ অর্থ বছরে সেতুটির নির্মাণের কার্যাদেশ প্রদান করা হলেও এলাইনমেন্ট সংক্রান্ত জটিলতায় নির্মাণ কাজ শুরু করতে বিলম্ব হয়। সেপ্টেম্বর ২০১৫ মাসে সেতুটির নির্মাণ কাজ সমাপ্ত হয়।

সেতুটির মাধ্যমে ব্রাহ্মণবাড়িয়া জেলার নাসিরনগর ও হবিগঞ্জ জেলার লাখাই উপজেলাদ্বয়ের মধ্যে সংযোগ স্থাপিত হওয়ায় এলাকার জনগণের দীর্ঘদিনের প্রত্যাশা পূরণ হল। সেতুটি নির্মাণের ফলে হবিগঞ্জ-ব্রাহ্মণবাড়িয়া-ঢাকার দূরত্ব প্রায় ৪০.০০ কিলোমিটার হ্রাস পেয়েছে। সেতুটি নির্মাণের ফলে এ এলাকার উৎপাদিত কৃষিপণ্য, মৎস্য সম্পদ, কুটির শিল্পজাত পণ্য ইত্যাদি সড়ক পথে রাজধানীসহ দেশের অন্যত্র পরিবহন সহজতর হবে। ফলে এলাকার আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নসহ জাতীয় অর্থনীতিতে সেতুটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।



সেতুটি নির্মাণের পূর্বে ব্যবহৃত সাঁকো



নবনির্মিত বলভদ্র সেতু



বলভদ্র নদী

প্রকল্প পরিচিতি

প্রকল্পের নাম	: সরাইল- নাসিরনগর- লাখাই সড়ক নির্মাণ প্রকল্প
প্রশাসনিক মন্ত্রণালয়	: সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
বাস্তবায়নকারী সংস্থা	: সড়ক ও জনপথ অধিদপ্তর
নির্মাণ ব্যয়	: ২১.৮৬ কোটি টাকা
ভূমি অধিগ্রহণ	: ৩.০১ হেক্টর (৭.৪৪ একর)
অর্থায়নে	: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সেতুর অবস্থান	: সরাইল- নাসিরনগর- লাখাই সড়কের ২৫তম কিলোমিটারে বলভদ্র নদীর উপর
সেতুর ধরণ	: পাইল ফাউন্ডেশনের উপর পিসি গার্ডার সেতু
ফাউন্ডেশনের ধরণ	: কাষ্ট-ইন-সিটু আরসিসি পাইল
সেতুর দৈর্ঘ্য	: ২১৭.৬৮ মিটার
সেতুর প্রশস্ততা	: ১০.২৫ মিটার (উভয় পার্শ্বে ফুটপাথ সহ)
স্প্যান সংখ্যা	: ৫ (পাঁচ) টি
পিয়ার সংখ্যা	: ৪ (চার) টি
এ্যাটমেন্ট সংখ্যা	: ২ (দুইটি) টি
ভার্টিক্যাল ক্লিয়ারেন্স	: গড় ফ্লাড লেভেল থেকে ৫.০০ মিটার
হরাইজন্টাল ক্লিয়ারেন্স	: ৪২.৬৮ মিটার
এপ্রোচ সড়কের দৈর্ঘ্য	: নাসিরনগর প্রান্ত ২৫০ মিটার লাখাই প্রান্ত ২০০ মিটার